

“মুজিববর্ষের আহবান  
দক্ষ হয়ে বিদেশ যান”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০  
কর্মসংস্থান-২ শাখা



নং-৪৯.০০.০০০০.১০২.১৬.০৫২.১৬(অংশ-১)-১০৮


তারিখ: ১৯-০৫-২০২১ খ্রি.

বিষয়: কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় রিক্রুটিং এজেন্সি কর্তৃক তাদের সকল প্রকার জামানতের অর্থ হতে উত্তোলনকৃত ৫০% অর্থ ফেরত প্রদানের সময়সীমা নির্ধারণ সংক্রান্ত।

- সূত্র: (ক) প্রকবৈক মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.১০২.১৬.০৫২.১৬(অংশ-১).৩৬৩, তারিখ: ০৪-১০-২০২০ খ্রি.  
(খ) বিএমইটি'র পত্র নং-৪৯.০১.০০০০.০২০.৩১.০৫৭.১৬.৮১৭৫; তারিখ: ২১ সেপ্টেম্বর ২০২০ খ্রি.।  
(গ) প্রকবৈক মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.১০২.১৬.০৬২.১৬.১৯৯, তারিখ: ০৪-০৬-২০২০ খ্রি.  
(ঘ) প্রকবৈক মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.১০২.১৬.০৬২.১৬-১৯৭, তারিখ: ১৭-০৫-২০২০ খ্রি.  
(ঙ) বায়রা/প্রবাসী কল্যাণ/৩০/২০২০/১৮৪; তারিখ: ২৯-০৪-২০২০ খ্রি.  
(চ) প্রকবৈক মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.১০২.১৬.০৬২.১৬-১৯৬, তারিখ: ২৮-০৪-২০২০ খ্রি.  
(ছ) বায়রা/প্রবাসী কল্যাণ/৩০/২০২০/১৮২; তারিখ: ২৬-০৪-২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের অনুবৃত্তিক্রমে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় রিক্রুটিং লাইসেন্সের মূল জামানতসহ মহিলা কর্মী প্রেরণ, জাপানে কর্মী প্রেরণ ও সিঙ্গাপুরে কর্মী প্রেরণের বিপরীতে জমাকৃত জামানতের ৫০% অর্থ কতিপয় শর্তসাপেক্ষে ০১ (এক) বছরে ফেরতযোগ্য হিসেবে প্রাপ্তির আবেদন দাখিলের জন্য রিক্রুটিং এজেন্টসমূহকে সুযোগ প্রদান করা হয় এবং উক্তরূপ আবেদন দাখিলের সময়সীমা ইতোমধ্যে গত ৩১ অক্টোবর ২০২০ তারিখে অতিক্রান্ত হয়েছে (কপি সংযুক্ত)।

০২। এক্ষেত্রে, করোনা ভাইরাসজনিত বর্তমান পরিস্থিতি এবং রিক্রুটমেন্ট কার্যক্রম সংক্রান্ত সার্বিক পরিস্থিতি পর্যালোচনাপূর্বক এ মন্ত্রণালয়ের সূত্রোক্ত স্মারকসমূহের পূর্ববর্তী নির্দেশনাসমূহের অনুবৃত্তিক্রমে রিক্রুটিং এজেন্সিসমূহ কর্তৃক তাদের উত্তোলনকৃত সকল প্রকার জামানতের অর্থ ফেরত প্রদানের সময়সীমা আগামী ৩১ ডিসেম্বর ২০২১ তারিখ অথবা জামানত উত্তোলনের তারিখ হতে ০১ (এক) বছর পূর্ণ হওয়ার তারিখে নির্ধারণ করা হলো। এক্ষেত্রে উক্ত ০২ (দুই) টি সময়সীমার মধ্যে যেটি পরে হবে সেই তারিখের মধ্যে এজেন্সি কর্তৃক উত্তোলনকৃত অর্থ যথাযথ প্রক্রিয়ায় বিএমইটি বরাবর ফেরত প্রদান নিশ্চিত করতে হবে। তবে, উক্তরূপ সকল ধরনের জামানত ফেরত প্রদানের সময়সীমা আগামী ৩১ ডিসেম্বর ২০২১ খ্রি. তারিখ অতিক্রান্ত হতে পারবে না। বিএমইটি উক্ত অর্থ আদায়ে রিক্রুটিং এজেন্সিসমূহকে নির্দেশনা প্রদান করবে এবং সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এজেন্সি কর্তৃক উত্তোলনকৃত সকল প্রকার জামানতের অর্থ উক্ত সময়সীমার মধ্যে ফেরত প্রদানে ব্যর্থ হলে এজেন্সির সার্ভার লক করার জন্য এবং এ সংক্রান্ত মন্ত্রণালয়ের পূর্ববর্তী নির্দেশনাসমূহের আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ করা হলো।

  
(মোহাম্মদ শাহীন) ১৯/৫/২০২১

উপসচিব

ফোন-৪১০৩০২৫২

ই-মেইলঃ sasemployment2@probashi.gov.bd

মহাপরিচালক  
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো  
৮৯/২ কাকরাইল, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩. প্রশাসক, বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা), ১৩০ নিউ ইন্সটন রোড, ঢাকা।
৪. উপসচিব (কর্মসংস্থান-১/২/৩/৪), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৫. প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৬. অতিরিক্ত সচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

**বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা)**

বায়রা ভরন, ১৩০, নিউ ইন্সটন রোড, ঢাকা-১০০০। ফোনঃ ৪১০৩২১৩৬-৩৮


বায়রা/৩(৯)/২০২১/১৪৯

তারিখঃ ২০/০৫/২০২১

সদয় অবগতি ও সানুত্বহ ব্যবস্থা গ্রহণের জন্য বায়রা'র সকল সম্মানিত সদস্য বরাবর অনুলিপি প্রেরণ করা হলো।

বিতরণঃ সম্মানিত সদস্য (সকল)  
বায়রা।



  
২০/৫/২০২১  
(মুহাম্মাদ মাকসুদুর রহমান)  
সচিব (প্রশাসন), বায়রা।